

## বিশ্বকাপ ট্রফির দাম কত?

- A Monitor Desk Report

Date: 03 October, 2023



আগামী ৫ তারিখ শুরু হতে চলেছে ওডিআই বিশ্বকাপ ২০২৩। ফুটবল হোক বা ক্রিকেট বিশ্বকাপ প্রতিযোগিতার সোনালি ট্রফিতে কতটা সোনা-রূপা রয়েছে, তার ওজন কত, ট্রফিটির বাজামূল্য কত, এই সকল বিষয় নিয়ে ফ্যানদের কৌতুহল থাকে।

প্রথম ক্রিকেট বিশ্বকাপ আয়োজিত হয়েছিল ১৯৭৫ সালে। ১৯৭৫ থেকে ১৯৮৩ পর্যন্ত প্রথম তিনটি বিশ্বকাপ হয় ৬০ ওভারে। ১৯৮৭ সাল থেকে শুরু হয় ৫০ ওভারের বিশ্বকাপ। ১৯৯২ সাল থেকে রঙিন পোশাক ও সাদা বলে শুরু হয় বিশ্বকাপ।

এবার আসা যাক ট্রফির বিষয়ে ১৯৭৫ সাল থেকে ক্রিকেট বিশ্বকাপ শুরু হলেও, তখন দেয়া হতো না এখনকার মতো এই ট্রফি। বর্তমান ট্রফিটির আবির্ভাব ঘটে ১৯৯৯ সাল থেকে। এর আগে প্রতিটি জয়ী দেশকে দেয়া হতো, আলাদা আলাদা ডিজাইন ট্রফি।

বর্তমান ওয়ার্ল্ড কাপ ট্রফিটির ডিজাইন নিয়ে শুরু থেকে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিল তথা আইসিসির মাথাব্যথা ছিল। তারা তৈরি করতে চাইছিল একটি ব্যতিক্রমধর্মী ট্রফি, যা একই সাথে প্রকাশ করবে ক্রিকেটের আদল ও বিশ্ব ভ্রাতৃত্ব। এই ট্রফিটির ডিজাইন করেছেন শিল্পী জো ক্লার্ক।

আরও পড়ুন: [আগামীকাল শুরু হচ্ছে ওয়ানডে ক্রিকেট উৎসব](#)

ট্রফির উপরিভাগে বসানো হয় একটি গোলাকার গ্লোব। যা একই সাথে বল ও পৃথিবীকে বোঝায়। এটি তৈরি করতে ব্যবহার করা হয়েছে সোনা

এবং রুপা। রুপার তিনটি স্টাম্প, বেল, বসানো হয়েছে গোলাকার চাকতিতে।

বিশ্বকাপ ট্রফিটির ওজন মোট ১১ কেজি। ট্রফিটি উচ্চতা ৬০ সেন্টিমিটার। বিশ্বকাপ ট্রফিতে বলটির ওজন প্রায় ৪ কেজি। এটি তৈরি করতে ব্যবহার করা হয়েছে সোনা ও রুপা। গোলাকার চাকতিতে বসানো হয়েছে রুপার তিনটি স্টাম্প বেল। এই বিশ্বকাপ ট্রফির নিচের দিকে রয়েছে আইসিসির লোগো।

পরে সিনিয়র জিজাইনার ডেভিড গ্লোবটির ওপরে খোদাই করে পৃথিবীর মানচিত্র আঁকেন। তবে অনেকেই মনে করতে পারেন বিশ্বকাপের ট্রফিটি সম্পূর্ণ সোনা কিংবা রুপা দিয়ে তৈরি। এটি ভুল ধারণা। মূলত ট্রফির রং ও স্থায়িত্ব বাড়ানোর জন্য একে কয়েকবার সোনা-রুপার পানিতে ভেজানো হয়েছে।

এবার আসা যাক বিশ্বকাপ ট্রফিটির দাম কত অর্থাৎ ট্রফিটি তৈরি করতে কত খরচ হয়েছে। বর্তমান ট্রফিটি তৈরি করতে হয়েছে ৩০ হাজার মার্কিন ডলার অথবা ২৫ হাজার ব্রিটিশ পাউন্ড। বাংলাদেশী টাকায় ক্রিকেট বিশ্বকাপটির দাম হল প্রায় ২৫ লক্ষ টাকা।

আরও পড়ুন: [প্রবাসীদের এমআরপি রি-ইস্যু চলবে ২০২৫ সাল পর্যন্ত](#)

এখন পর্যন্ত মোট ১২টি বিশ্বকাপ হয়েছে। যার মধ্যে ৬টি বিশ্বকাপ হচ্ছে বর্তমান ট্রফিতে। ট্রফিটির নিচের দিকে বিশ্বকাপের সাল ও চ্যাম্পিয়ন দেশের নাম লেখার জায়গা রয়েছে। এখনো মোট ১১টি জায়গা রয়েছে নাম লেখার। তারপর পরিবর্তন করতে হবে এই ট্রফিটি।

-B